



মাদ্রাসা থেকে শিবির সন্দেহে আটক ১১৯

খুলনা প্রতিনিধি •

খুলনার বসুপাড়া কবরস্থান এলাকার দারুল কুরআন সিদ্দিকীয়া কামিল মাদ্রাসা থেকে শিবির সন্দেহে ১১৯ জনকে আটক করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার বেলা দুইটার দিকে তাদের আটক করে সোনাডাঙ্গা থানায় নিয়ে যাওয়া হয়।

আটক ব্যক্তিদের মধ্যে মহানগর শিবিরের সভাপতি মিম মিরাজ হোসাইন ও সাহিত্য সম্পাদক মো. শাহদাৎ হোসেন, এবং ওই মাদ্রাসার শিক্ষক মনিরুজ্জামান রয়েছেন।

সোনাডাঙ্গা থানার ওসি মারুফ আহমেদ বলেন, নাশকতার জন্য শিবিরের লোকজন ওই মাদ্রাসায় গোপন বৈঠক করছেন, এমন সংবাদের ভিত্তিতে সিদ্দিকীয়া মাদ্রাসায় অভিযান চালানো হয়। এ সময় সেখান থেকে মহানগর শিবিরের সভাপতি ও সাহিত্যবিষয়ক সম্পাদকসহ ১১৯ জনকে আটক করা হয়। তাদের কাছ থেকে শতাধিক জিহাদি বই উদ্ধার করা হয়েছে বলে জানান ওসি।

ওসি আরও বলেন, আটক ব্যক্তিরা সেখানে নবীনবরণ অনুষ্ঠান চলছিল বলে দাবি করেছেন। কিন্তু আটকের সময় মাদ্রাসা বন্ধ ছিল। তা ছাড়া তারা নবীনবরণের সপক্ষে কোনো প্রমাণ দেখাতে পারেননি। এ ব্যাপারে থানায় মামলার প্রস্তুতি চলছে।

এলাকাবাসী কয়েকজনের সঙ্গে কথা বলে জানা গেছে, মাদ্রাসাটি মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত দেলাওয়ার হোসাইন সাদ্দী প্রতীষ্ঠা করেছিলেন। বর্তমানে এর পরিচালনা পর্ষদের সভাপতি আছেন সাদ্দীদীর মেজো ছেলে শামীম সাদ্দী। কিন্তু মাদ্রাসায় কোনো রাজনীতি না করার জন্য সভাপতির নির্দেশ আছে বলে তারা দাবি করেন। তবে ওই মাদ্রাসার অধ্যক্ষ ইদ্রিস আলীর যোগসাজশে গোপনে শিবিরের বিভিন্ন কর্মসূচি পালন করা হয় বলে এলাকাবাসী অভিযোগ করেছেন।